

3 (Sem-6) BEN L 2

2014

ELECTIVE BENGALI

Paper : 6-2

Full Marks : 80

Time : 3 hours

*The figures in the margin indicate full marks
for the questions*

অসমের বাংলা সাহিত্য অথবা প্রতিবেশী সাহিত্য যে কোনো একটি থেকে
উত্তর করতে হবে।

(অসমের বাংলা সাহিত্য)

১। অতি সংক্ষিপ্ত উত্তর দাও :

১×১০=১০

- (ক) গুণধরের আইডেন্টিফিকেশন মার্ক অর্থাৎ পরিচয়-
চিহ্নটি কি ?
- (খ) গুণধরের বয়স কত ?
- (গ) গুণধরের বাবার দোকানটি কোথায় ?
- (ঘ) 'গুণধরের অসুখ' নাটকে মাস্টার মশাইয়ের নাম কি ?
- (ঙ) গুণধরের মতো অনাস্থীয় ছেলেটিকে গুণধরের বাবা কি
দিয়েছিলেন ?
- (চ) সুজিৎ চৌধুরীদের স্কুলের সেক্রেটারির নাম কি ?
- (ছ) সুজিৎ চৌধুরীর পিতার নাম কি ?

- (জ) সারদারঞ্জন রায় কার সহোদর ভাই ছিলেন ?
- (ঝ) সুভাষচন্দ্র বসু-সম্পাদিত পত্রিকাটির নাম কি ?
- (ঞ) সুজিৎ চৌধুরীর পিতা কোন্ কলেজের ছাত্র ছিলেন ?

২। সংক্ষিপ্ত উত্তর দাও :

২×৫=১০

- (ক) “একটা বোকা-হাবা ছেলের একটা বছর নষ্ট করা হলো তো!” কে, কেন একথা বলেছে ?
- (খ) “যার মুখটা হাঁড়ি, তার সঙ্গে আড়ি।” বক্তা কে? কার সঙ্গে সে আড়ি দিয়েছে ?
- (গ) “অন্যের দুঃখ দেখলে আপনার কষ্ট হয় না?” কে, কাকে একথা বলেছিলেন ?
- (ঘ) সুজিৎ চৌধুরীর পিতার দুইজন ঘনিষ্ঠ বন্ধুর নাম লেখো।
- (ঙ) পাইলগাঁওয়ে সুজিৎ চৌধুরীদের কাছে দুজন প্রতিবেশী কারা ছিলেন ?

৩। প্রশ্নানুযায়ী উত্তর দাও (যে কোনো চারটি) :

৫×৪=২০

- (ক) পাইলগাঁওয়ে সুজিৎ চৌধুরীদের কোয়ার্টারের বর্ণনা দাও।
- (খ) পঠিত অংশ অবলম্বনে বর্ষাকালে সুনামগঞ্জের একটি চিত্র অংকন করো।
- (গ) টীকা লেখো : যশোদানন্দন গোস্বামী।

(ঘ) ডাক্তারের কাছে গুণধর তার অসুখের কি কি লক্ষণের কথা বলেছিল, লেখো।

(ঙ) সপ্রসঙ্গ ব্যাখ্যা করো :

“এতটুকু ছাতা অন্তবড়ো আকাশটাকে কিরকম ঢেকে ফেলে!”

(চ) টীকা লেখো : পবিত্র।

৪। যে কোনো দুটি প্রশ্নের উত্তর দাও :

১০×২=২০

(ক) “ ‘গুণধরের অসুখ’ নাটকের আরম্ভটি যুগপৎ নাটক ও অ-নাটক, একই সঙ্গে নাটক-গড়ার রথ ও নাটক-ভাঙার উল্টো রথ।” ‘গুণধরের অসুখ’ নাটকটি অবলম্বনে এই উক্তিটি বিশ্লেষণ করো।

(খ) ‘গুণধরের অসুখ’ নাটকে গুণধরের অসুখের লক্ষণগুলি ব্যাখ্যা করে বোঝাও যে গুণধর কি প্রকৃত অর্থেই পাগল, নাকি তার ভেতরে অন্যরূপ একটি ব্যক্তিসত্তা কাজ করছে।

(গ) ‘গুণধরের অসুখ’ নাটকটিতে উজ্জ্বলের কার্যকলাপ বর্ণনা করে তার চরিত্র-চিত্রণ করো।

(ঘ) ‘গুণধরের অসুখ’ নাটকে ডাক্তার এবং গুণধরের কথোপকথন-অবলম্বনে ডাক্তারের জীবনের যে গোপন তথ্যটি ব্যক্ত হয়েছে বিস্তারিতভাবে ব্যাখ্যা করো।

৫। যে কোনো দুটি প্রশ্নের উত্তর দাও :

১০×২=২০

- (ক) সুজিৎ চৌধুরীর পিতার দুর্যোগপূর্ণ শৈশব-কৈশোর থেকে শুরু করে পাইলগাঁওয়ে মাস্টারি নেবার পশ্চাৎপট্টকু তোমার নিজের ভাষায় বর্ণনা করো।
- (খ) 'হরানো দিন হরানো মানুষ' গ্রন্থে বর্ণিত সুজিৎ চৌধুরীর মায়ের চরিত্রটি চিত্রণ করো।
- (গ) "আমাদের শৈশবে গ্রামের মানুষের যৌথ বিনোদনের সর্বশ্রেষ্ঠ মাধ্যম ছিল যাত্রাগান।" 'হরানো দিন হরানো মানুষ' গ্রন্থে বর্ণিত এই যাত্রাগানের বর্ণনা তোমার নিজের ভাষায় লিপিবদ্ধ করো।
- (ঘ) " 'হরানো দিন হরানো মানুষ' গ্রন্থটি প্রকৃত অর্থেই স্মৃতি কথা।" পাঠ্যাংশ অবলম্বন করে এই মন্তব্যটি যথার্থ কিনা তা বিচার করো।

(প্রতিবেশী সাহিত্য)

১। অতি সংক্ষিপ্ত উত্তর দাও :

১×১০=১০

- (ক) 'লিগিরী' শব্দের অর্থ কি ?
- (খ) উপেন্দ্র ভঞ্জ কে ?
- (গ) মঙ্গরাজের মাসতুতো ভাইয়ের নাম কি ?
- (ঘ) ব্রাহ্মণ পাড়ার আসল নাম কি ?
- (ঙ) 'গউনী' কি ?
- (চ) 'কারেঙর লিগিরী' কয় অঙ্কের নাটক ?
- (ছ) 'কারেঙর লিগিরী' নাটকে সুন্দরের বয়স কত ?
- (জ) কাঞ্চন কোঁয়রীর মায়ের নাম কি ?
- (ঝ) কাঞ্চনমতীর পিতার নাম কি ?
- (ঞ) সুন্দর কোঁয়র কে ?

২। সংক্ষিপ্ত উত্তর দাও :

২×৫=১০

- (ক) টাঙ্গির মাসির সাজসজ্জার বিবরণ দাও ।
- (খ) মঙ্গরাজের বাড়ির বাগানের পরিচয় দাও ।
- (গ) 'কারেঙর লিগিরী' নাটকের প্রথম অঙ্কে সুন্দরের শয়ন-কক্ষের যে বর্ণনা আছে তা তোমার ভাষায় লেখো ।

(ঘ) “ইচ্ছাকৃত ভুলতো আনন্দ আছে।” কে, কাকে বলেছে?

(ঙ) “বপুরা :

ইয়াকে—বোলে—

ভেলেকা বহুয়া থাকিল চায়

থোলোকা বাপুয়ে সুপুর সুপর খায় ।

অর্থ পরিশ্ফুট করো ।

৩। যে কোনো চারটি প্রশ্নের উত্তর দাও :

৫×৪=২০

(ক) “উনিশ বিঘা দুই কাঠা” অবলম্বনে শিবু পণ্ডিতের বিষয়ে লেখো ।

(খ) সংক্ষেপে অসুর দিঘির বর্ণনা দাও ।

(গ) টীকা লেখো : ফকিরমোহন সেনাপতি ।

(ঘ) “তার মুরত কিবা যখিনী-শাঁকিনীয়েহে বাহ লৈছে। শাস্ত্র-শাস্ত্র পড়িছে। শাস্ত্র পড়ি অশাস্ত্রীয় মতর বরভেটি বাধিছে।” কে, কাকে উদ্দেশ্য করে, কখন একথা বলেছেন, লেখো ।

(ঙ) “অজগরে হরিণাকে মেরিওয়াদি তাই কোঁয়রক মেরিয়াই চেপি চেপি জ্বোল পিব লাগিছে।” এখানে বক্তা কে? ‘তাই’ বলতে কাকে বোঝানো হয়েছে? প্রসঙ্গ-উল্লেখপূর্বক এমন মন্তব্যের কারণ নির্দেশ করো ।

(চ) “আপুনি মুনিহ মানুহ হৈ যেতিয়া সমাজলৈ ভয় করিছে, আমি ডিরোতা সমাজর আঁঠুয়া তলর মহ হৈ ভয় করিলে আপুনি কিয় আচরিত হয়?” কোন প্রসঙ্গে, কে, কাকে এই কথা বলেছে, বিস্তারিত লেখো ।

- ৪। (ক) ‘উনিশ বিঘা দুই কাঠা’ অবলম্বনে ভগিআ ও শরিআর জীবনের করুণ কাহিনী তোমার ভাষায় বর্ণনা করো। ১০

অথবা

- (খ) চম্পা চরিত্রটি বিশ্লেষণ করো।

- ৫। (ক) “কর্তীঠাকরুণ দয়া, স্নেহ, ভক্তি প্রভৃতি স্বর্গীয় গুণাবলির মুর্তিমতী দেবী।” উদ্ধৃতিটির আলোকে কর্তীঠাকরুণের চরিত্র-চিত্রণ করো। ১০

অথবা

- (খ) ‘উনিশ বিঘা দুই কাঠা’ উপন্যাসের নামকরণের সার্থকতা বিচার করো।

- ৬। (ক) ‘কারেঙর লিগিরী’ নাটকে বপুরা চরিত্রটির মধ্য দিয়ে নাট্যকার যে হাস্যরস সৃষ্টি করেছেন তা তোমার ভাষায় আলোচনা করো। ১০

অথবা

- (খ) “দৃঢ় ব্যক্তিত্ব কাঞ্চনমতীর চরিত্রের উল্লেখযোগ্য বৈশিষ্ট্য।” পাঠ্য নাটকটি অবলম্বনে এই মন্তব্যের যথার্থতা আলোচনা করো।

- ৭। (ক) ‘কারেঙর লিগিরী’ নাটকে গানের ব্যবহার নাট্য-প্রয়োজন কতদূর সিদ্ধ করেছে, লেখো। ১০

অথবা

- (খ) ‘কারেঙর লিগিরী’ নাটকে নাগারমণীদের ভূমিকা নিয়ে একটি আলোচনা প্রস্তুত করো।

★ ★ ★